# মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস ও ডিজিটাল আর্থিক সেবা



ইউনাইটেড ফাইন্যান্স


উন্নত সেবার লক্ষ্যে ... প্রতিদিন

## মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস (MFS অ্যাকাউন্ট) কি?



রেজিস্টার্ড মোবাইল নম্বরের বিপরীতে অর্থ লেনদেনের জন্য যে অ্যাকাউন্ট খোলা হয় সেটিই **MFS অ্যাকাউন্ট**

## MFS অ্যাকাউন্ট খুলতে কি কি লাগবে?




- ✓ রেজিস্টার্ড সিম
- ✓ জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি
- ✓ পাসপোর্ট সাইজের ছবি

## অনলাইনে MFS অ্যাকাউন্ট কি খোলা যাবে ?



ক্যামেরাযুক্ত মোবাইল সেট ব্যবহার করে গ্রাহকের ছবি তুলে এবং জাতীয় পরিচয়পত্রের ছবি তুলে আপলোড করে তাৎক্ষণিকভাবে এ অ্যাকাউন্ট খোলা যায়।

## কারা MFS অ্যাকাউন্ট খুলতে পারবে?



১৮ বছর বা তার বেশি বয়সী নাগরিক MFS সেবাদানকারী ব্যাংক বা তাদের এজেন্টদের মাধ্যমে MFS অ্যাকাউন্ট খুলে এই সেবা পেতে পারেন।

# MFS অ্যাকাউন্ট এর মাধ্যমে কী কী সেবা পাওয়া যায়?

- ক্যাশ-ইন (টাকা জমা)
- ক্যাশ-আউট (টাকা উত্তোলন)
- এক ব্যক্তি হিসাব হতে অপর ব্যক্তি হিসাবে অর্থ প্রেরণ (P2P)
- ব্যক্তি হতে ব্যবসায় অর্থ প্রেরণ (P2B)
- ব্যবসা হতে ব্যক্তিতে অর্থ প্রেরণ (B2P)
- সরকার হতে ব্যক্তিকে অর্থ প্রদান (G2P)
- ব্যক্তি হতে সরকারকে অর্থ প্রেরণ (P2G)
- মার্চেন্ট পেমেন্ট
- বিল (বিদ্যুৎ, গ্যাস, পানি ইত্যাদি) প্রদান
- স্কুল ফি পরিশোধ
- বৃত্তি/উপবৃত্তি বা ভাতার টাকা গ্রহণ
- ব্যবসা হতে ব্যবসায় অর্থ প্রেরণ (B2B)
- অনলাইন এবং ই-কমার্স পেমেন্ট
- ব্যাংক হিসাবে অর্থ প্রেরণ বা ব্যাংক হিসাব হতে অর্থ গ্রহণ
- বিদেশ হতে প্রেরিত অর্থ (রেমিটেন্স) গ্রহণ
- ঋণের অর্থ গ্রহণ ও ঋণ পরিশোধ
- ইনস্যুরেন্স এর প্রিমিয়াম পরিশোধ
- ক্রেডিট কার্ড এর বিল পরিশোধ
- সরবরাহকারীর অর্থ প্রদান ইত্যাদি সেবা প্রদানের জন্য অনুমোদনপ্রাপ্ত

## পার্সোনাল আইডেন্টিফিকেশন নাম্বার (PIN)

পার্সোনাল আইডেন্টিফিকেশন নাম্বার (PIN) একটি অতি-গোপনীয় নাম্বার যা হিসাব খোলার পর গ্রাহক MFS অ্যাকাউন্ট এর মাধ্যমে সব ধরণের লেনদেন পরিচালনা করে ।




## মার্চেন্ট হিসাব

ডিজিটাল পদ্ধতিতে (ই-মানির মাধ্যমে) পণ্য বা সেবার মূল্য গ্রহণ করার লক্ষ্যে কোন প্রতিষ্ঠান/ব্যক্তি ব্যবসায়ী/মার্চেন্ট তার ব্যক্তিগত ও ব্যবসা সংশ্লিষ্ট প্রয়োজনীয় কাগজপত্র সরবরাহ করে মার্চেন্ট হিসাব খুলতে পারেন ।




## ব্যক্তিক রিটেইল MFS অ্যাকাউন্ট

এটি ক্ষুদ্র/অতিক্ষুদ্র পণ্য বা সেবা বিক্রেতাগণের জন্য একটি বিশেষ ধরণের হিসাব। ব্যক্তির NID এবং ব্যবসার প্রমাণের বিপরীতে এ ধরণের হিসাব খুলতে পারেন ।



## MFS অ্যাকাউন্ট এবং লেনদেন নিরাপদ রাখার পদ্ধতিগুলো কি কি?

নিজের পিন/পাসওয়ার্ড/কোড অন্য কোন ব্যক্তিকে শেয়ার করা যাবে না।

গিফট/লটারি প্রাপ্তি সংক্রান্ত যেকোন কল বা মেসেজ প্রতারক কর্তৃক করা হয়ে থাকে, এক্ষেত্রে কোনক্রমেই ফোনে প্রেরিত কোন ধরণের নাম্বার/কোড কাউকে বলা যাবে না।

গ্রাহক কর্তৃক শুধুমাত্র USSD পদ্ধতিতে (ফোন কল বা অন্য কোন পদ্ধতিতে নয়) নির্দিষ্ট সময় পরপর নিজ মোবাইল ব্যাংকিং অ্যাকাউন্ট এর পিন/পাসওয়ার্ড পরিবর্তন করতে হবে।

প্রতারণার শিকার হলে গ্রাহককে সংশ্লিষ্ট প্রোভাইডারের কল সেন্টার বা গ্রাহক সেবা কেন্দ্রে অভিযোগ করতে হবে।



# Bangladesh Automated Cheque Processing System (BACPS)



### BACH

(BACH) হচ্ছে Bangladesh Automated Clearing House, যেখানে দুই ধরণের আন্তঃব্যাংক লেনদেন নিষ্পত্তি করা হয়।

### BACPS

বাংলাদেশ অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেম (BACPS), যার মাধ্যমে আন্তঃব্যাংক চেক ক্লিয়ারিং কার্যক্রম পরিচালিত হয়।

### BEFTN

বাংলাদেশ ইলেকট্রনিক ফান্ডস্ ট্রান্সফার নেটওয়ার্ক (BEFTN) যার মাধ্যমে আন্তঃব্যাংক ইলেকট্রনিক ডেবিট ও ক্রেডিট লেনদেনসমূহ পরিচালিত হয়।

## MICR চেক কি ?

Magnetic Ink Character Recognition (MICR) চেক হচ্ছে বিশেষ ধরণের লেখা যা মেশিনে পড়া যায় (Machine Readable)।

## ক্লিয়ারিং হাউসে কি MICR চেক ছাড়া অন্য কোন চেক গ্রহণ করা হয়?

বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউসে MICR চেক ছাড়া অন্য কোন চেক/পেমেন্ট ইন্সট্রুমেন্ট গ্রহণ করা হয় না।

## কি কি কারণে চেক ফেরত দেয়া হয়?

- চেক ইস্যুকারীর হিসাবে অপর্যাপ্ত টাকা;
- কথায় ও অংকে চেকের মূল্যমানের ভিন্নতা;
- আগাম (ভবিষ্যতের তারিখযুক্ত) চেক/তারিখবিহীন চেক;
- মেয়াদ উত্তীর্ণ চেক;
- চেক ইস্যুকারীর (হিসাবধারীর) স্বাক্ষর না মেলা;
- চেক ইস্যুকারী (হিসাবধারী) কর্তৃক চেক পরিশোধ স্থগিত করা হলে;
- চেক ইস্যুকারীর হিসাব বন্ধ/ব্লকড/সুপ্ত থাকা;
- চেকে মুদ্রিত/লিখিত নাম/হিসাব নম্বর/মূল্যমান/তারিখ এর ঘষামাজা ও পরিবর্তন করা;
- পরিশোধের এ্যাডভাইস না পাওয়া ইত্যাদি।



# Bangladesh Electronic Funds Transfer Network (BEFTN)

বাংলাদেশ ইলেকট্রনিক ফান্ডস ট্রান্সফার নেটওয়ার্ক (BEFTN) এর মাধ্যমে ব্যাংকগুলোর গ্রাহক ইলেকট্রনিক উপায়ে নিজের ব্যাংক অ্যাকাউন্ট হতে অন্য ব্যাংকের গ্রাহকের অ্যাকাউন্টে টাকা লেনদেন করতে পারেন।




## (BEFTN) এর মাধ্যমে টাকা লেনদেনের পদ্ধতি কি?

BEFTN এর মাধ্যমে ক্রেডিট ও ডেবিট দুই ধরনের লেনদেন করা যায়।


## BEFTN এর মাধ্যমে টাকা পাঠাতে কি পরিমান সময় লাগে?

BEFTN এর মাধ্যমে ব্যাংকিং কার্যদিবসের যেকোন সময়ে নির্দেশ পাঠাতে পারেন। গ্রাহকের নির্দেশনা অনুসারে, তার পরের দিন অন্য ব্যাংকের গ্রাহকের ব্যাংক অ্যাকাউন্টে টাকা জমা হয় কিংবা অন্য ব্যাংকের গ্রাহকের অ্যাকাউন্ট হতে টাকা সংগৃহীত হয়ে নিজের অ্যাকাউন্টে জমা হয়।

## BEFTN এর মাধ্যমে টাকা লেনদেনে কি কোন চার্জ দিতে হয়?

BEFTN এর মাধ্যমে টাকা লেনদেনে কোন চার্জ দিতে হয় না।

# National Payment Switch Bangladesh (NPSB)




## NPSB এর মাধ্যমে

- এক ব্যাংকের গ্রাহক অন্য ব্যাংকের ATM হতে টাকা তুলতে পারেন।
- এক ব্যাংকের গ্রাহক অন্য ব্যাংকের POS টার্মিনালের মাধ্যমে পণ্য/সেবার মূল্য পরিশোধ করতে পারেন।
- এক ব্যাংকের গ্রাহক নিজের অ্যাকাউন্ট/কার্ড থেকে অন্য গ্রাহকের ব্যাংকের অ্যাকাউন্টহোল্ডারকে টাকা পাঠাতে পারেন।

## Automated Teller Machine (ATM)

এক ব্যাংকের গ্রাহক ATM কার্ডের মাধ্যমে নিজস্ব ব্যাংকের ATM বুথ ছাড়াও অন্য ব্যাংকের ATM বুথ হতে নগদ টাকা তুলতে পারেন; ব্যালেন্স অনুসন্ধান করতে পারেন এবং হিসাব বিবরণী প্রিন্ট নিতে পারেন। নিজস্ব ব্যাংকের ATM এর ক্ষেত্রে কোন চার্জ প্রদান করতে হয় না তবে অন্য ব্যাংকের ATM এ প্রতি নগদ উত্তোলনে চার্জ ১৫ টাকা এবং ব্যালেন্স অনুসন্ধান ও হিসাব বিবরণী সংগ্রহের চার্জ ৫ টাকা। বর্তমানে ৫৪টি ব্যাংক interoperable ATM লেনদেনে সংযুক্ত রয়েছে।




## Point of Sales (POS)

POS এর মাধ্যমে ব্যাংকের গ্রাহক কার্ডের সাহায্যে পণ্য/সেবার মূল্য পরিশোধ করতে পারে। NPSB এর সদস্য ব্যাংকের POS গুলো ইন্টার-অপারেবল, যেখানে এক ব্যাংকের গ্রাহক কার্ডের মাধ্যমে নিজস্ব ব্যাংকের POS  ছাড়াও অন্য ব্যাংকের POS এর মাধ্যমে পণ্য/সেবার মূল্য পরিশোধ করতে পারে।



## Internet Banking Fund Transfer (IBFT)

IBFT এর মাধ্যমে এক ব্যাংকের গ্রাহক নিজের অ্যাকাউন্ট/কার্ড থেকে অন্য ব্যাংকের গ্রাহকের অ্যাকাউন্টে/কার্ডে টাকা পাঠাতে পারেন।



## পেমেন্ট কার্ড

পেমেন্ট কার্ড হচ্ছে একটি পেমেন্ট ইন্সট্রুমেন্ট যার মাধ্যমে কার্ডের মালিক পণ্য/সেবা ক্রয়ের লক্ষ্যে ইলেকট্রনিক পদ্ধতিতে লেনদেন পরিচালনা করতে পারেন।




# পেমেন্ট কার্ড কত প্রকার ও কি কি?

## ক্রেডিট কার্ড




ক্রেডিট কার্ড এক প্রকারের পেমেন্ট কার্ড যার মাধ্যমে উক্ত কার্ডের মালিক পরবর্তীতে নিদিষ্ট তারিখে সমন্বয়যোগ্য ঋণের ভিত্তিতে বর্তমানে লেনদেন পরিচালনা করতে পারেন।

## ডেবিট কার্ড



ডেবিট কার্ড এক ধরনের পেমেন্ট কার্ড, যা গ্রাহকের হিসাবের বিপরীতে ইস্যু করা হয় এবং গ্রাহক হিসাব থেকে সরাসরি অর্থ বিয়োজনের মাধ্যমে সংশ্লিষ্ট গ্রাহককে আর্থিক লেনদেন পরিচালনার সুবিধা প্রদান করে।

## প্রিপেইড কার্ড




প্রিপেইড কার্ড এক ধরনের পেমেন্ট কার্ড, যা নির্দিষ্ট পরিমাণ অর্থ জমাকরণের বিপরীতে ইস্যু করা হয়। এই জাতীয় কার্ড গ্রহণের জন্য ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের সাথে গ্রাহকের হিসাব থাকার আবশ্যকতা নেই।

## Dual Currency কার্ড কি?



Dual Currency কার্ড এক ধরনের পেমেন্ট কার্ড যার মাধ্যমে দুই ধরণের মুদ্রায় (দেশীয় এবং বৈদেশিক মুদ্রায়) লেনদেন পরিচালনা করা যায় এবং এই কার্ড দেশে এবং দেশের বাইরে ব্যবহারযোগ্য।

## QR-কোড ভিত্তিক পেমেন্ট কি?

কুইক রেসপন্স (QR) কোড যন্ত্রের মাধ্যমে পাঠযোগ্য সংকেত সম্বলিত একটি ছবি, যা স্মার্টফোন দ্বারা স্ক্যান করা যায় এবং তা লেনদেন সম্পাদনের জন্য ব্যবহার করা যায়।



## QR-কোড কত প্রকার ও কি কি?

QR-কোড ০২ প্রকারের। সেগুলো হলো: Static QR ও Dynamic QR।

## Real Time Gross Settlement (RTGS)

BD-RTGS লেনদেনের সবচেয়ে দ্রুত ইলেকট্রনিক ব্যবস্থা। এই লেনদেন ব্যবস্থায় তাৎক্ষণিক (সর্বোচ্চ ৩০ মিনিটের মধ্যে) এক ব্যাংকের গ্রাহকের অ্যাকাউন্ট হতে অন্য ব্যাংকের গ্রাহকের অ্যাকাউন্টে টাকা পাঠানো যায়।

## BD-RTGS ব্যবস্থায় গ্রাহক সর্বনিম্ন ও সর্বোচ্চ কত টাকা লেনদেন করতে পারেন?

BD-RTGS ব্যবস্থায় গ্রাহক সর্বনিম্ন ১ লক্ষ টাকা এবং সর্বোচ্চ যেকোন অংকের টাকা লেনদেন করতে পারেন।

## BD-RTGS ব্যবস্থায় টাকা পাঠাতে সর্বোচ্চ চার্জ কত?

BD-RTGS ব্যবস্থায় যিনি টাকা পাঠান তাঁকে সর্বোচ্চ ১০০ টাকা (ভ্যাট ও ট্যাক্সসহ) চার্জ করা হয়।

## BD-RTGS ব্যবস্থায় টাকা পাঠানোর সময়সীমা কী?

BD-RTGS ব্যবস্থায় ব্যাংকিং কার্যদিবসে তার অ্যাকাউন্টে সকাল ১০.০০ টা হতে বিকেল ৪.০০ টার মধ্যে গ্রাহক লেনদেন নির্দেশ পাঠানোর পর তাৎক্ষণিক (সর্বোচ্চ ৩০ মিনিটের মধ্যে) প্রাপক টাকা পান।